

ভিডিও জমা দেওয়ার নির্দেশিকা

অ্যাক্সেস এগ্রিকালচারের জন্য যেকোনো ভিডিও জমা দিতে আমাদের সাথে যোগাযোগ করার আগে অনুগ্রহপূর্বক এই নির্দেশিকাটি সাবধানে পড়ুন।

একটি ভিডিও জমা দেওয়ার আগে নিচের বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে :

- ভিডিওটিতে প্রশিক্ষণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে কি না
- কৃষি, টেকসই জমিব্যবস্থাপনা বা কৃষিনির্ভর ব্যবসায়ের সঙ্গে সম্পৃক্ত কি না
- উন্নয়নশীল দেশের জন্য উপযোগী কি না
- ভিডিওটি কৃষকদের কাছ থেকে কৃষকদের জন্য বাস্তব ধারণা দেয় কি না
- এবং এটি ২০ মিনিটের চেয়ে কম দৈর্ঘ্যের হতে হবে

ভিডিওটি অবশ্যই:

- কোনো নির্দিষ্ট পণ্যের প্রচার করবে না
- কেবল কোনো একটি প্রকল্পের সফলতা সম্পর্কে তথ্য তুলে ধরবে না

এর বাইরেও মনে রাখতে হবে:

- ভিডিওটির ইংরেজি অথবা ফরাসি ভাষায় যথাযথ বা নির্ভুল একটি পাণ্ডুলিপি থাকতে হবে
- যদি ভিডিওটি ইংরেজি বা ফরাসি ভাষায় না হয় তবে অবশ্যই সরবরাহ করার আগে ইংরেজি বা ফরাসিতে ভাষান্তর করে নিতে হবে

আদর্শ ভিডিও:

- যতটা সম্ভব উচ্চ রেজোলেশনের এবং আকারে বড়ো ভিডিও ফাইল সরবরাহ করুন
- এছাড়াও আপনি ভিডিও টেপে অনুষ্ঠানটি সরবরাহ করতে পারেন যদি তা সহজতর হয়
- নেপথ্য ধারাবর্ণনা ছাড়া ; তবে, নেপথ্য শব্দ এবং সাক্ষাৎকার প্রদান ও গ্রহণকারীর কন্ঠস্বরসহ
- ভিডিও সরবরাহ করতে হবে। তাতে এটি নতুন কোনো ভাষায় সংস্করণ করতে সহজ হবে এবং এতে পেশাদারিত্ব প্রকাশ পাবে

এছাড়াও ভিডিও সম্পর্কে কিছু সুনির্দিষ্ট তথ্য দেওয়ার জন্য আপনাকে একটি ফরম পূরণ করতে হবে :

- ত্রিশটিরও কম অক্ষরের মধ্যে শিরোনাম দিতে হবে (এতে স্পেস অন্তর্ভুক্ত রয়েছে)
- ভিডিওটির সংক্ষিপ্ত বর্ণনা ১২৮ অক্ষরের মধ্যে হতে হবে (এতে স্পেস অন্তর্ভুক্ত রয়েছে)
- দীর্ঘ বর্ণনার ক্ষেত্রে শব্দের কোনো সীমাবদ্ধতা নেই, তবে এটি যতটা সম্ভব ছোটো রাখা ভালো
- একটি শব্দতালিকা (keyword) নির্বাচন করুন যা পরবর্তীসময়ে বিষয় খুঁজে পেতে সহযোগিতা করবে
- এছাড়াও ভিডিওটি কোন ক্যাটাগরিতে ফেলা উপযুক্ত মনে করেন, তা আমাদের জানাতে পারেন
- যদি আপনার কাছে কোনো অতিরিক্ত অথচ উপযুক্ত বিষয়বস্তু থাকে, যা ভিডিওতে যুক্ত করার মতো বলে আপনার মনে হয়, তা হলে সেগুলোও আপনি পাঠাতে পারেন এবং যদি উপযুক্ত হয় তবে সেগুলো ভিডিওসহ ডাউনলোড করার জন্য সহজ হবে

মনে রাখবেন !

অ্যাক্সেস অ্যগ্রিকালচারের সমস্ত ভিডিও এবং অডিও উভয় রকমের ফাইলগুলো স্বচ্ছন্দে ডাউনলোডের জন্য সহজে পাওয়া যাবে। যদি আপনার জন্য কপিরাইট একটি সমস্যা হয়, তবে আপনার ভিডিওগুলো জমা দেবেন না।